দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

# ঢাবির ৩ ছাত্রলীগ কর্মী সাময়িক বহিষ্কার

## দুই বন্ধুসহ ছাত্রী লাঞ্ছিত

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে আড্ডা দেয়ার সময় এক ছাত্রীসহ তার দুইবন্ধু লাঞ্ছিত হওয়ার ঘটনায় আটক তিন ছাত্রলীগ কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে গতকাল সাময়িক বহিষ্কার করা হয়েছে। গভীর রাতে বন্ধুসহ ক্যাম্পাসে আড্ডা দেয়ায় ঐ ছাত্রী এবং তার এক সহপাঠীকেও কারণ দর্শানোর নোটিস (শোকজ) দেয়া হয়েছে।

বহিষ্কৃতরা হলেন- অমর একুশে হল শাখা ছাত্রলীগ কর্মী ও ঢাবির প্রথম বর্ষের শিক্ষার্থী রাতুল হাসান নাঈম (ফলিত গণিত বিভাগ), আমিরুল ইসলাম (প্রাণিবিদ্যা বিভাগ) ও মো. নাজমুল সাকিব (পরিসংখ্যান বিভাগ)। শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু বকর সিদ্দিক বলেন, ওই তিনজনকে ৫৪ ধারায় আটক দেখিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এএম আমজাদ বলেন, এ ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাদের বহিষ্কারের মেয়াদের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।

প্রসঙ্গত, গত মঙ্গলবার রাত দেড়টার দিকে টিএসসিতে এক ছাত্রী একই বিভাগের এক শিক্ষার্থী এবং প্রবাসী বন্ধুসহ আড্ডা দিচ্ছিলেন। এসময় ছাত্রীর সাথে থাকা দুইজনকে মারধর করে ও গালিগালাজ করেন ওই তিন ছাত্রলীগ কর্মী। পরে তাদেরকে আটক করে থানায় দেন বিশ্ববিদ্যালয় প্রশাসন।